**বাংলা প্রথম পত্র**
**সৃজনশীল প্রশ্ন**
[ ক বিভাগ হতে দুটি, খ বিভাগ হতে দুটি, গ বিভাগ হতে দুটি ও ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

**ক বিভাগ – গদ্য**

১. শৈশবে সড়ক দুর্ঘটনায় দৃষ্টিশক্তি হারিয়ে ফেলে সাবিনা। বাবা-মা তাকে দৃষ্টি প্রতিবন্ধী স্কুলে ভর্তি করিয়ে দেন। পড়াশোনা কর সে আজ দৃষ্টি প্রতিবন্ধী স্কুলের শিক্ষক। সে এখন সমাজের বোঝা নয়, সম্পদ।
ক. সুভা কীসের মতো শব্দহীন এবং সঙ্গীহীন?
খ. পিতামাতার মনে সুভা সর্বদাই জাগরূক ছিল কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের সাবিনার সাথে সুভার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. "সুভা' গল্পে সুভার বাবা-মা যদি উদ্দীপকের সাবিনার বাবা-মায়ের মতো হতো তাহলে সুভাকে গ্রাম ছেড়ে কলকাতায় যেতে হতো না।"- মন্তব্যটির যথার্থতা বিচার করো।

২. পৌরসভা নির্বাচনে জয়লাভ করে পৌরমেয়র তাঁর প্রথম ভাষণে বলেন, 'আমার বন্দুগণ, এ জয় আমার নয়, আপনাদের। আজ থেকে এ পৌরসভার প্রতিটি মানুষের সুখ-দুঃখের ভাগীদার আমি। এখন থেকে সকলে মিলেমিশে এলাকার কল্যাণ ও উন্নয়নে কাজ করব। আপনারাই আমার শক্তি।
ক. তথাকথিত ছোটোলোক সম্প্রদায়ের কাজ করতে না পারার কারণ কী?
খ. 'তাহার আত্মা তোমার আত্মার মতোই ভাস্বর, আর মহা-আত্মার অংশ।'- এখানে লেখক কী বোঝাতে চেয়েছেন?
গ. উদ্দীপকের সাথে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকে বর্ণিত পৌরমেয়রের দৃষ্টিভঙ্গিই উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূলসুর।'- উক্তিটির যৌক্তিকতা যাচাই কর।

৩. অতীতে পয়লা বৈশাখ গ্রামের সাধারণ মানুষের কাছে বিশেষ তাৎপর্যপূর্ণ ছিল। এদিন তারা বাড়িঘর পরিষ্কার রাখত, ব্যবহার্য জিনিসপত্র ধোয়ামোছা করে সকালে গোসল সেরে পূত-পবিত্র হতো। এ দিনটিতে ভালো হ্রাওয়া, ভালো থাকা ও ভালো পরতে পারাকে তারা ভবিষ্যতের জন্য মঙ্গলজনক মনে করত। পরস্পরের বাড়িতে যাওয়া-আসা, শুভেচ্ছা বিনিময় ও নানারকম আনন্দ-উৎসবের আয়োজন করত।
ক. নবাব সিরাজদ্দৌলা শেষবারের মতো লড়াই করার জন্য কাদের ডাক দিয়েছিলেন।
খ. 'মুছে যাক গ্লানি ঘুচে যাক জরা, অগ্নিস্নানে শুচি হোক ধরা'-ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের সাথে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের বাংলা নববর্ষ উদযাপনের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের প্রতিফলন থাকলেও তা লেখকের প্রত্যাশাকে ধারণ করতে পারেনি।"-মন্তব্যটি বিশ্লেষণ করো।

৪. চুকনগরের গণহত্যার বর্ণনা দিতে গিয়ে শিক্ষক সরদার মুহাম্মদ নূর আলি বলেন, 'সে এক নারকীয় দৃশ্য। ভোলা যায় না। আমাদের এলাকায় প্রায় চার মাইলব্যাপী এই হত্যাযজ্ঞ চলে। কিছু লাশ নদীতে ভাসিয়ে দেওয়া হয়। দুর্গন্ধ এড়াতে কিছু লাশ মাটি চাপা দেওয়া হয়। এলাকার লোক দুইমাস পর্যন্ত নদীর মাছ খায়নি। ভয়ে লোকজন পাঁচ-ছয় মাস পর্যন্ত বাজারেও আসেনি।'
ক. 'মার্সি পিটিশন' অর্থ কী?
খ. 'মিথ্যা ভাষণে ভরা বিবৃতি' বলতে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকের তুলনায় 'একাত্তরের দিনগুলি' রচনার বিষয়বস্তু অনেক ব্যাপক।"- উক্তিটি মূল্যায়ন করো।

prosnobd.com

## খ বিভাগ – কবিতা

৫. দুই বন্ধুর কথোপকথন -
**১ম বন্ধু:** জানির বন্ধু, সমাজের সাথে তাল মেলাতে গেলে শুধু বাংলা বললেই চলে না। আমি তো ইংরেজি ভালো শিখিনি, তাই নিজের মতো করে বাংলা ইংরেজি মিলিয়ে কথা বলি, তবে ছেলেটিকে ভর্তি করেছি ইংলিশ মিডিয়াম স্কুলে।
**২য় বন্ধুঃ** সমাজের সাথে তাল মেলাতে আমি মাতৃভাষায় কথা বলতে লজ্জা পাই না, আমি গর্বিত বাংলা ভাষায় কথা বলি বলে। আমার সন্তানের ভাষাশিক্ষার ক্ষেত্রে বাংলা ভাষার অগ্রাধিকার দিয়েছি।
ক. 'আরবি-ফারসি' শাস্ত্রের প্রতি কবির কী নেই?
খ. বাংলা ভাষাকে যারা হিংসা করে তাদের জন্ম সম্পর্কে কবির সন্দিহান হওয়ার কারণ ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের ১ম বন্ধুর বক্তব্যে 'বঙ্গবাণী' কবিতার কোন দিকের ইলিত রয়েছে? ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকের ২য় বন্ধুর বক্তব্য এবং 'বঙ্গবাণী' কবিতার মূলভাব একসূত্রে গাঁথা।"- মন্তব্যটির যথার্থতা বিচার করো।

৬. পরের কারণে মরণেও সুখ;
'সুখ' 'সুখ' করি কেঁদো না আর,
যতই কাঁদিবে, যতই ভাবিবে
ততই বাড়িবে হৃদয় ভার।

ক. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন?
খ. 'জীবাত্মা অনিত্য নয়'- কেন?
গ. উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ছাড়াও 'জীবন-সঙ্গীত' কবিতায় উঠে এসেছে জীবনকে সমৃদ্ধ করার একাধিক পরামর্শ।" মন্তব্যটির প্রাসঙ্গিকতা মূল্যায়ন করো।

৭. নয়ন সড়ক দুর্ঘটনায় আহত হলে ঢাকার অ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয়। একমাত্র ছেলে নয়নের এমন অবস্থায় মা দিশাহারা। তিনি নামাজ পড়ে ছেলের সুস্থতার জন্য আল্লাহর কাছে মোনাজাত করেন। রোজা মানত করেন, জানের বদলে জান হিসেবে গোরু মানত করেন। অসুস্থ নয়নকে দেখতে নানারকম ফলমূল নিয়ে আত্মীয়স্বজন হাসপাতালে ভিড় জমায়।
ক. ফোঁটায় ফোঁটায় কী ঝরছে?
খ. 'সম্মুখে তার ঘোর কুজ্ঝটি মহাকাল রাত পাতা' বলতে কী বোঝানো হয়েছে?
গ. উদ্দীপকের সাথে 'পল্লিজননী' কবিতার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকটি 'পল্লিজননী' কবিতার খন্ডচিত্র মাত্র, পূর্ণরূপ নয়।"-বিশ্লেষণ করো।

## গ বিভাগ – উপন্যাস

৮. ২৬ মার্চ সকালে ১৮ পাঞ্জাব রেজিমেন্ট পুরোনো ঢাকায় তাদের অপারেশন শুরু করল। এর অগ্রবর্তী বাহিনিটি যাকেই পালাতে দেখল তাকেই লক্ষ করে গুলি ছুড়ল। কয়েকটি জায়গায় বাঙালিদের সারি বেঁধে দাঁড় করিয়ে গুলি করে মারা হলো। অগ্রবর্তী দলের পিছনেই ছিল একটি হোটো দল, তাদের হাতে ছিল পেট্রোল। আশেপাশের বাড়িঘরে আগুন দিতে দিতে এগুতে লাগল দলের সৈন্যরা।
ক. কোন গাছের নিচে হরিকাকুর সাথে বুধার দেখা হয়?
খ. বুধা রানিকে 'ভীতুর ডিম' বলেছিল কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের ঘটনা 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক চিত্র মাত্র।"-মন্তব্যটি বিশ্লেষণ করো।

proshnobd.com

৯. ১৯৭১ সালের ৭ অক্টোবর গভীর রাতে মুক্তিযোদ্ধারা টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলায় পাকিস্তানি সেনাবাহিনির অবস্থানে আক্রমণ করলে, পাকিস্তানি সেনারা ঘাঁটিতে অবরুদ্ধ হয়ে পড়ে। এই সময় একদিন শহীদুল ইসলাম কাজের ছেলের ছদ্মবেশে পাকিস্তানি সেনাবাহিনির ঘাঁটিতে যান। তাদের বিভিন্ন ফায়-ফরমাশ খেটে আস্থা অর্জন করেন। পরে গ্রেনেডসহ ঘাঁটিতে প্রবেশ করে সেখানে গ্রেনেড বিস্ফোরণ ঘটিয়ে নিরাপদে ফিরে আসেন।
ক. বুধা কোথায় পা ছড়িয়ে শুয়ে পড়ে?
খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি।' বুধার এমন উক্তির কারণ কী? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকের শহীদুল ইসলামের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।
ঘ. "সার্বিক বিশ্লেষণে উদ্দীপকের শহীদুল ইসলাম 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের সার্থক প্রতিরূপ হয়ে উঠতে পারেনি।"-মন্তব্যটি বিচার করো।

## ঘ বিভাগ – নাটক

১০. রাফিন সংবাদপত্র খুলে প্রথমেই 'আজকের দিনটা কেমন যাবে' কলামটিতে চোখ না - বুলিয়ে ঘর থেকে বের হন না। ঘর থেকে বেরোবার সময় অসাবধানতাবশত ঘোঁচট খেলে বা হাঁচি দিলে, খানিকটা সময় বসে তারপর বাড়ি থেকে বের হন।
ক. বহিপীরের মতে পিরের গায়ে কী লাগে না?
খ. 'এবার তার সাথে স্বপ্ন ভেঙে যাবে' কথাটি বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকটি কীভাবে 'বহিপীর' নাটকের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূলচেতনাকে স্পর্শ করেছে কি? তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ করো।

১১. দৃশ্যকল্প-১:
চিরদিন কাহারও সমান নাহি যায়।
আজিকে যে রাজাধিরাজ কাল সে ভিক্ষা চায়।

দৃশ্যকল্প-২:
বলো কি তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি।

ক. বহিপীরের প্রথম স্ত্রী কত বছর আগে ইন্তেকাল করেন?
খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন?
গ. দৃশ্যকল্প-১-এর পরিস্থিতি বহিপীর' নাটকেনা কোন পরিস্থিতির ইফিগতবাহী? ব্যাখ্যা করো।
ঘ. "দৃশ্যকল্প-২-এর চেতনা 'বহিপীর' নাটকের হাশেম-এর চেতনারই ধারক।" -মন্তব্যটি যাচাই করো।

prosnobd.com

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা প্রথম পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড : 101
সেট : গ

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। মমতাদি হয়তো বেতন আশা করেছিল-
(ক) ১০ টাকা (খ) ১২ টাকা
(গ) ১৫ টাকা (ঘ) ১৮ টাকা

২। চতুর্দশপদী কবিতার অষ্টকে কী থাকে?
(ক) ভাবের গভীরতা (খ) ভাবের প্রাসঙ্গিকতা
(গ) ভাবের প্রবর্তনা (ঘ) ভাবের পরিণতি

৩। অখিলচন্দ্র সমুদের মোহে না থেকে সাধারণ জীবনযাত্রার প্রতি অনুরক্ত। উদ্দীপকের অখিলচন্দ্রের মনোভাবে 'আশা' কবিতার কোন ভাব ধরা পড়েছে?
(ক) নির্মোহ (খ) ত্যাগ
(গ) মনুষ্যত্ববোধ (ঘ) সাম্যবাদ

৪। হাতেম আলীর কোথায় জমিদারি ছিল?
(ক) ডেমরায় (খ) সুনামগঞ্জে
(গ) চাটগাঁয়ে (ঘ) রেশমপুরে

৫। 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর'-এ উক্তিতে হযরত মুহম্মদ (সা.) এর কোন গুণ প্রকাশ পেয়েছে?
(ক) উদারতা (খ) মহানুভবতা
(গ) সহনশীলতা (ঘ) বিচক্ষণতা

নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
সন্তানহীনা বিধবা আয়াতুন বিবির পোড়োভিটা পাহারা দিতে দিতেই বুড়ো হয়েছে পোষা কুকুর ভুলু, খেয়ে না খেয়েই দিন কাটে তাদের। ভুলুকে কেউ খাবারের লোভ দেখিয়েও নিয়ে যেতে পারে না।

৬। উদ্দীপকের ভুলুর সাথে নিমগাছ গল্পের লক্ষ্মী বউ যে দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ-
(ক) পরোপকারেন (খ) প্রয়োজনীয়তায়
(গ) আত্মত্যাগে (ঘ) অবদানে

৭। উক্ত সাদৃশ্যের উদাহরণ নিচের কোন উক্তিতে মেলে?
i. কিন্তু মাটির গভীরে তার শিকড়
ii. ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়
iii. বাড়ির পিছনের আবর্জনার স্তূপে দাঁড়িয়ে রইলো
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮। কবি কোনটিকে নিয়ে চিন্তা করে কাতর না হওয়ার পরামর্শ দিয়েছেন?
(ক) সোনালি ভবিষ্যৎ (খ) বর্তমান অবস্থা
(গ) অতীত দুঃখের দিন (ঘ) অতীত সুখের দিন

নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
সকালে সন্ধ্যায় দুইখানা রুটি দেয় ক্ষুধার জ্বালায় ঘুম আসেনা।

৯। উদ্দীপকের 'জ্বালা'টি তোমার পঠিত 'মানুষ' কবিতার কোন চরিত্রের মধ্যে বিদ্যমান?
(ক) পান্থ (খ) মোল্লা (গ) পুরোহিত (ঘ) কালাপাহাড়

১০। উক্ত চরিত্রটির মধ্যে প্রতিফলিত হয়েছে-
i. ক্ষোভ ii. অসহায়ত্ব iii. ঘৃণা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। হাশেম আলিকে যুক্তিবাদী, আধুনিক ও মানবিক অনুভূতিসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলে-
(ক) শিক্ষা (খ) বাবা-মা (গ) জমিদারি (ঘ) সমাজ ব্যবস্থা

১২। 'নদীর এ কূল ভাঙে ওকূল গড়ে এইতো নদীর খেলা সকাল বেলা আমির রে ভাই, ফকির সন্ধ্যা বেলা'।
উদ্দীপকের পরিস্থিতি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?
(ক) হাতেম আলি (খ) হাশেম আলী
(গ) বহিপীর (ঘ) তাহেরা

১৩। পল্লী সাহিত্য অনাদৃত হয়ে ধ্বংসের পথে দাঁড়িয়েছে, এর মূল কারণ-
(ক) বিদেশি সাহিত্যের প্রচলন
(খ) ফোকলোর সোসাইটির অভাব
(গ) স্বেচ্ছাসেবা ও সংরক্ষণের অভাব
(ঘ) সময় ও রুচির পরিবর্তন

proshnobd.com

১৪। শিক্ষার আসল কাজ কী?
(ক) সংস্কৃতি চর্চা (খ) জ্ঞান পরিবেশন
(গ) মূল্যবোধ সৃষ্টি (ঘ) জ্ঞানের ভিত গড়া
১৫। 'দুর ছাই! কিবা শঙ্কায় মার পরান উঠিছে ভরি'- এ চরণে পুত্রের জন্য ফুটে উঠেছে মায়ের-
(ক) ভালোবাসা (খ) ক্ষোভ (গ) অসহায়ত্ব (ঘ) আশঙ্কা
১৬। 'ওরভোয়া' শব্দের অর্থ কী?
(ক) আজ বিদায় (খ) আবার আসিও
(গ) আবার দেখা হবে (ঘ) আবার কথা হবে
উদ্দীপকটি পড়ে ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ
মুক্তিযোদ্ধা কমান্ডার ২৬ শে মার্চ বিদ্যালয়ের অনুষ্ঠানে বললেন "আমরা মুক্তিযুদ্ধের সময় দিনের পর দিন বন্দুক, খাদ্য ও প্রয়োজনীয় দ্রব্যাদি নিয়ে বনে-জঙ্গলে কাটিয়েছি।"
১৭। উদ্দীপকের মকবুল সাহেব 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন চরিত্রের প্রতিনিধি?
(ক) তেজি তরুণ (খ) জোয়ান কৃষক
(গ) দক্ষ মাঝি (ঘ) সাহসী জেলে
১৮। কোন সভ্যতা ধুলো হয়ে আছে?
(ক) ব্যাবলনীয় (খ) সুমেরীয় (গ) ক্যালেডীয় (ঘ) এশিরিয়া
১৯। তিন ভাই-বোন কোথায় বসে রোদ মাখে?
(ক) উঠোনের ঘাসে (খ) বৈঠকখানায়
(গ) মন্দিরের চাতালে (ঘ) ঘরের বারান্দায়
২০। জাহানারা ইমাম রুমির জন্য পাকিস্তানী বাহিনীর নিকট 'মার্সি পিটিশন' করেননি কেন?
(ক) রুমির আত্মমর্যাদা রক্ষার কারণে
(খ) ছেলেকে ফিরে না পাওয়ার হতাশায়
(গ) রুমির জীবনের ঝুঁকি হবে বলে
(ঘ) পাক বাহিনীর নিষ্ঠুরতা বুঝতে পেরে
২১। আমি মানি না কোনো বাধা
করি না কাউকে ভয়,
অবিরাম পথ চলাতেই আমি শান্তি খুঁজে পাই।
উদ্দীপকটি তোমার পঠিত কোন কবিতার ভাববস্তুকে ধারণ করে?
(ক) ঝরনার গান (খ) জীবন-সঙ্গীত
(গ) মানুষ (ঘ) রানার
২২।মারফত শব্দটির অর্থ কী?
(ক) গুণের সাধনা (খ) প্রবল সাধনা
(গ) নিরঞ্জনের সাধনা (ঘ) মরমী সাধনা
২৩। সুভা কার পায়ের কাছে বসে মুখের দিকে চেয়ে কাঁদতে লাগল?
(ক) মায়ের (খ) বাবার (গ) সর্বশীর (ঘ) পাঙ্গুলির
২৪। বুধা ধান খেতের কাদায় মিশে গিয়েছিল কেন?
(ক) আনন্দে (খ) হতাশায় (গ) ভয়ে (ঘ) বিস্ময়ে
২৫। ধুলা দূর করতে কতটি ঝাঁটা কেনা হয়েছিল?
(ক) পনেরো লক্ষ (খ) সাড়ে সতেরো লক্ষ
(গ) সাড়ে আঠারো লক্ষ (ঘ) একুশ লক্ষ
২৬। সুশিক্ষিত লোক মাত্রই-
(ক) বিদ্বান (খ) জ্ঞানী
(গ) পণ্ডিত (ঘ) স্বশিক্ষিত
২৭। 'প্রতিটি মানুষ তার নিজের শক্তি ও রুচি অনুযায়ী নিজের মনকে নিজের চেষ্টায় আত্মার রাজ্যে জ্ঞানের পথে এগিয়ে নিয়ে যেতে পারেন' কীভাবে?
(ক) লাইব্রেরির বদান্যতায় (খ) স্কুল-কলেজের মাধ্যমে
(গ) শিক্ষকের কল্যাণে (ঘ) পারিবারিক শিক্ষায়
উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
শত্রু এলো দলে দলে মারল মানুষ কত। পুড়ল শহর পুড়ল বন্দর, গ্রাম যে শত শত।
২৮। উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে?
(ক) মুক্তিযোদ্ধাদের প্রতিরোধ
(খ) রাজাকারদের সহযোগিতা
(গ) স্বাধীনতার আগমনী বার্তা
(ঘ) পাক-বাহিনীর নৃশংসতা
২৯। ফুটে ওঠা দিকটির বহিঃপ্রকাশ ঘটেছে-
i. বাজারের দোকানপাট পুড়িয়ে দেয়া
ii. আহাদ মুন্সির চাটুকারিতা
iii. মুক্তিযোদ্ধাদের হত্যা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৩০। হাজী শরিয়ত উল্লাহর আন্দোলনকে 'ফরায়েজি আন্দোলন' বলার কারণ কী?
(ক) ব্রিটিশ বিরোধী আন্দোলন
(খ) ধর্মাশ্রয়ী কুসংস্কার বিরোধী আন্দোলন
(গ) সামাজিক কুসংস্কার বিরোধী আন্দোলন
(ঘ) রাজনৈতিক সংস্কার বিরোধী আন্দোলন

prosnobd.com